তারিখঃ22/07/2013

**স্বর্ণ আমদানির সংশোধিত প্রকল্প**

মনোনীত ব্যাঙ্ক/মনোনীত এজেন্সি/প্রধান প্রধান অথবা প্রখ্যাত ব্যবসা প্রতিষ্ঠান/এসইজেড ইউনিট/রপ্তানি অভিমুখী সংস্থা, যাদের দেশি ক্ষেত্রে ব্যবহারের জন্য সোনা আমদানি করার অনুমোদন আছে, কর্তৃক বিভিন্ন রূপে সোনা আমদানির ওপর কিছু কিছু বাধানিষেধ আরোপ করা হয়েছে। উপরোক্ত নির্দেশিকার সমীক্ষা এবং ভারত সরকারের সঙ্গে আলোচনার ভিত্তিতে স্থির করা হয়েছে যেকোনও রূপ অথবা বিশুদ্ধতার সোনা এমনকি আংশিক পরিশোধিত আকরিক সোনারও (গোল্ড ডোর) দেশের মধ্যে আমদানিকে যুক্তিসম্মত রূপ দেওয়া হবে।

মনোনীত ব্যাঙ্ক/মনোনীত এজেন্সি-কে নিশ্চিত করতে হবে যে যে কোনও রূপে/বিশুদ্ধতায় সোনা, এমনকি সোনার মুদ্রা/আকরিক আমদানি করার ক্ষেত্রেও কমপক্ষে প্রত্যেক দফায় এক পঞ্চমাংশ রপ্তানি করার জন্য একান্তভাবে মজুদ রাখতে হবে। কেবলমাত্র দেশের ব্যবহারের প্রয়োজনে সেইসব সংস্থাকে যে কোনও রূপে সোনা দেওয়া হবে যাঁরা অলংকার ব্যবসা করেন/অলংকার ব্যবসায়ীদের সোনা বা রূপোর তাল সরবরাহ করেন। এই মর্মে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক মনোনীত ব্যাঙ্ক/মনোনীত এজেন্সি-কে একটি বিজ্ঞপ্তি জারি করে নিশ্চিত করতে বলেছে যে তাঁদের খরিদ্দারদের দ্বারা/জন্য সম্পাদিত বৈদেশিক মুদ্রা লেনদেন কার্যকর করার সময় তাঁরা উক্ত নির্দেশাবলি পালন করছেন। বিজ্ঞপ্তিতে আরও বলা আছে, এই নির্দেশাবলি, অবশ্য, এসইজেড ইউনিট/রপ্তানি অভিমুখী সংস্থা এবং প্রখ্যাত ব্যবসা প্রতিষ্ঠান, যারা কেবল রপ্তানি করার উদ্দেশ্যেই সোনা আমদানি করে তাঁদের কর্তৃক সোনা আমদানির ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

বিস্তারিত নির্দেশাবলি প্রকাশ করা হয়েছে (জুলাই 22,2013 তারিখের এপি ডিআইআর সার্কুলার নং.15) যা আরবিআই ওয়েবসাইট (**www.rbi.org.in**)-এ পাওয়া যাবে।

অজিত প্রসাদ
সহ মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তিঃ**: 2013-2014/148**